২২ সেপ্টেম্বর, ২০২৬

# বাংলাদেশে উচ্চশিক্ষিত তরুণদের ৩৬ শতাংশ বেকার: আইএমএফ




ছবি: সংগৃহীত

বাংলাদেশে প্রতি ১০০ জন উচ্চশিক্ষিত তরুণের মধ্যে ৩৬ জনই বেকার। আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) ফিন্যান্স অ্যান্ড ডেভেলপমেন্ট ম্যাগাজিনের সেপ্টেম্বর সংখ্যায় প্রকাশিত এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

আইএমএফের বিশ্লেষণে ১৫ থেকে ২৪ বছর বয়সী তরুণদের বেকারত্বের চিত্র তুলে ধরা হয়েছে। এতে দেখা যায়, বাংলাদেশে সামগ্রিক যুব বেকারত্বের হার ১০ শতাংশের নিচে থাকলেও উচ্চশিক্ষিত তরুণদের ক্ষেত্রে তা অনেক বেশি।

এশিয়ার বিভিন্ন দেশের তুলনাতেও শিক্ষিত তরুণদের বেকারত্বের হার বাংলাদেশের চেয়ে বেশি রয়েছে কয়েকটি দেশে। তালিকায় শীর্ষে শ্রীলঙ্কা, যেখানে উচ্চশিক্ষিত তরুণদের বেকারত্ব ৪৩ শতাংশ। এরপর ভারত ৪২ শতাংশ এবং বাংলাদেশ ৩৬ শতাংশ।

অন্যদিকে ইন্দোনেশিয়া, ভিয়েতনাম, মালয়েশিয়া, থাইল্যান্ড ও ফিলিপাইনে উচ্চশিক্ষিত তরুণদের বেকারত্বের হার ২০ শতাংশের নিচে। তালিকায় আরও রয়েছে সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া, অস্ট্রেলিয়া ও জাপান।

আইএমএফ বলছে, উচ্চশিক্ষিত তরুণদের বড় একটি অংশ তাদের শিক্ষাগত যোগ্যতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কাজ খুঁজে পাচ্ছেন না। সমস্যাটি শুধু পর্যাপ্ত চাকরি না থাকার মধ্যে সীমাবদ্ধ নয়; শ্রমবাজারে যেসব দক্ষতার চাহিদা রয়েছে, স্নাতকদের দক্ষতার সঙ্গে তারও দীর্ঘস্থায়ী ব্যবধান রয়েছে।

প্রতিবেদনে কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই নিয়েও সতর্ক করা হয়েছে। আইএমএফের মতে, এআই উৎপাদনশীলতা ও অর্থনৈতিক প্রবৃদ্ধি বাড়াতে ভূমিকা রাখতে পারে। তবে কর্মীদের দক্ষতা বাড়ার তুলনায় এআই ব্যবহারের গতি বেশি হলে তরুণদের শ্রমবাজারে প্রতিযোগিতা আরও কঠিন হয়ে উঠতে পারে।

LENS ASIA